গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা
www.hsd.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.২৬.০০১.১৯.১১৫

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: **নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২) সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী গত ২৯.০৮.২০২২ তারিখ অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

১০-১০-২০২২
মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব
ফোন: ০২-৯৫৭৭৯৮৯
ইমেইল: monitor@hsd.gov.bd

বিতরণ :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৪) অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) অতিরিক্ত সচিব, নার্সিং ও মিডওয়াইফারি অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৭) অতিরিক্ত সচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৮) অতিরিক্ত সচিব, বাজেট, স্বাস্থ্য সেবা বিভাগ
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
১০) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
১১) অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১২) মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর), স্বাস্থ্য সেবা

বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩) মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনসারী ভবন, ঢাকা।
১৪) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৫) চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৬) ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.২৬.০০১.১৯.১১৫/১(৩)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

১০-১০-২০২২
মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ২৯.০৮.২০২২ খ্রিঃ, বেলা: ৯:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি স্বাস্থ্য সেবা বিভাগে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদন করে অফিস ত্যাগ শুদ্ধাচারের প্রথম কথা। এছাড়াও, সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার গুরুত্ব রয়েছে। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ১২.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, সকল লক্ষ্যমাত্রার প্রমাণক আবশ্যিকভাবে সংরক্ষণ এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত আলোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-৪) জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনার বার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ গত ০৭.০৭.২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে জানান। এছাড়া তিনি স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বার্ষিক প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করেছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে শুরু থেকেই সকলকে সচেষ্ট হওয়ার পরামর্শ দেন। | ১) স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে শুরু থেকেই সকলকে সচেষ্ট হতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও প্রশাসন-৪ শাখা |
| ২.২ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: সভায় বিগত নৈতিকতা কমিটি ও অংশীজন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিস্তারিত আলোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ মোতাবেক সংশোধন করে নির্ধারিত তারিখের মধ্যে | ১) স্বাস্থ্য সেবা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দিতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও প্রশাসন-৪ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখায় প্রেরণ করা করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দেন। | | |
| ২.৩ | **আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:**<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ও পিআইসি সভা অনুষ্ঠান সম্পর্কিত বিশদ আলোচনা হয়। উপসচিব (প্রশাসন-৪) প্রকল্প/অপারেশন প্লান এর বার্ষিক ক্রয় পরিকল্পনা শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করাই বড় চ্যালেঞ্জ মর্মে উল্লেখ করেন। সভাপতি ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক রাজস্ব ও উন্নয়ন খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা যাতে নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করা যায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেন। তিনি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে এখন থেকে সচেষ্ট হতে বলেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে তিনি অনুরোধ করেন। | ১) ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক রাজস্ব ও উন্নয়ন খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ নিতে হবে।<br><br>২) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে সচেষ্ট হতে হবে।<br><br>৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ ও পরিকল্পনা অনুবিভাগ<br><br>পরিকল্পনা অনুবিভাগ ও লাইন ডাইরেক্টর (সংশ্লিষ্ট অপারেশন প্লান) |
| ২.৪ | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:**<br>দেশের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে জানান যে, গত অর্থবছরের কর্মপরিকল্পনা ৩.২ অনুচ্ছেদ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের এ্যাম্বুলেন্সের বিশৃংখলা দূর করতে কর্তৃপক্ষ একটি মোবাইল এ্যাপস তৈরি করেছে। বর্তমানে পাইলটিং চলছে। মাননীয় মন্ত্রী ও সভাপতি মহোদয়ের নির্দেশনা পেলে উদ্বোধনের ব্যবস্থা নেয়া হবে।<br>তিনি আরো জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ স্বাস্থ্য সেবা বিভাগ নিটোরে রোগী ভর্তির ক্ষেত্রে বিদ্যমান বিশৃংখলা দূর করতে পদক্ষেপ গ্রহণ করেছে। অংশীজনের অনলাইন সভায় রোগী, চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীর সভা করা হয়। এছাড়া, নিটোর পরিদর্শন করা হয়। সভাপতি নিটোরের সাথে অংশীজন সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি একসপ্তাহের মধ্যে জানাতে অনুরোধ জানান।<br><br>উপসচিব, প্রশাসন-৪ শাখা জানান, বিগত বছরে মোতাবেক নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থা, জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালসমূহ পরিদর্শনের প্রমাপ অর্জনের প্রয়াস নেয়া হয়েছে। তিনি ২০২২-২০২৩ সালের কর্মপরিকল্পনায় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক নিম্নলিখিত কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন: | ১) নিটোর হাসপাতালে রোগী ভর্তির ক্ষেত্রে অনিয়ম ও বিশৃংঙ্খলা বন্ধকরণে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এক সপ্তাহের মধ্যে জানাতে হবে।<br>২) প্রশাসন অনুবিভাগ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত পরিদর্শন ও পরিবীক্ষণ অব্যাহত রাখবে। | পরিচালক নিটোর<br><br>প্রশাসন অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ<br>৩.২ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ফেনী এর স্টক ম্যানেজম্যান্ট কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যার চালুকরণ<br>৩.৩ ২৫০ শয্যাবিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দৌলতখান, ভোলা এর আউটসোর্সিংয়ে নিয়োজিত কর্মচারীদের বেতন শতভাগ একাউন্ট পে নিশ্চিতকরণ<br>৩.৪ ২৫০ শয্যাবিশিষ্ট জেলা হাসপাতাল,নীলফামারীতে ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়ন<br>তিনি আরো জানান যে, এসকল কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে সংশ্লিষ্ট হাসপাতালসমূহকে অবহিত করা হয়েছে।<br><br>সভাপতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর উল্লিখিত কার্যক্রমসমূহ যাতে যথাযথভাবে সম্পন্ন হয় সে লক্ষ্যে প্রশাসন অনুবিভাগকে নিয়মিত পরিদর্শন ও পরিবীক্ষণ অব্যাহত রাখার পরামর্শ দেন। | | |
| ২.৫ | **গত অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:** উপসিচিব (প্রশাসন-৪) বিগত অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সময়মত তথ্য আপলোড করা, প্রমাপ মোতাবেক নির্ধারিত সময়ে পরিদর্শন করা, সময়মত প্রতিবেদন প্রেরণ ও সঠিক প্রমাণক প্রদান, তরিঘরি বাস্তবায়নের ফলে মুল লক্ষ্য অর্জনে ব্যর্থতা প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হন মর্মে উল্লেখ করেন।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, উন্নয়ন বাজেটের আওতায় তৈরি ক্রয় পরিকল্পনা যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি পরিকল্পনা অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগ পরিবীক্ষণ করতে পারে। তিনি বলেন, হাসপাতাল পরিদর্শনের নতুন ফরম তৈরি করা হয়েছে। কর্মকর্তাগণ এপিএ/শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট হাসপাতালসমূহ পরিদর্শনকালে এপিএ/শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শন ছকে বিশেষভাবে অন্তর্ভুক্ত করতে পারেন। সভাপতি বলেন এপিএ/শুদ্ধাচার কর্মপরিকল্পনাভুক্ত ও এ বিভাগ কর্তৃক নির্ধারিত হাসপাতালসমুহ পরিদর্শনপূর্বক নিয়মিত ফলোআপ করার নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি বলেন যে, আউটসোর্সিংয়ে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ ঠিকমত কাজ করে না। অফিস আদেশ জারির মাধ্যমে তাদেরকে ব্লক ওয়াইজ ভাগ করে অর্পিত নির্ধারিত কাজ সুশৃংখলভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। নিয়োগের সময় কোনো ধরনের দুর্নীতি যেন না হয় সে বিষয়ে সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। | ১) উন্নয়ন বাজেটের আওতায় তৈরি ক্রয় পরিকল্পনা যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি পরিকল্পনা অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগ পরিবীক্ষণ করবে।<br><br>২) এপিএ/শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট হাসপাতালসমূহ পরিদর্শনকালে এপিএ/শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শন ছকে বিশেষভাবে অন্তর্ভুক্ত করতে হবে।<br>৩) এপিএ/শুদ্ধাচার কর্মপরিকল্পনাভুক্ত ও এ বিভাগ কর্তৃক নির্ধারিত হাসপাতালসমুহ পরিদর্শনপূর্বক নিয়মিত ফলোআপ করতে হবে।<br>৪) আউটসোর্সিংয়ে নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের ব্লক ওয়াইজ ভাগ করে কাজের আদেশ জারি করতে হবে।<br>৫) আউটসোর্সিংয়ে কর্মচারী নিয়োগের সময় কোনো ধরনের দুর্নীতি যেন না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগ<br><br>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট কর্মকর্তা<br><br>প্রশাসন অনুবিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ২.৬ | **স্বাস্থ্য খাতে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ:** সভায় স্বাস্থ্যখাতে বিদ্যমান চ্যালেঞ্জসমূহের মধ্যে ক্রয় প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা (বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, অনুমোদনে ও ক্রয় কাজের প্রশাসনিক | | |

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদন), ইজিপি বাস্তবায়ন, ইফাইলিং বাস্তবায়ন, দক্ষ জনবল এবং হাসপাতাল পরিদর্শন ও ফলোআপের নাম উল্লেখ করা হয়।<br><br>**ক) ক্রয় প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা:** উপসচিব, প্রশাসন-৪ জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্রয় পরিকল্পনার অনুমোদন ও প্রশাসনিক অনুমোদনের ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর হতে দীর্ঘ সময় লাগে। ফলে অনেক ক্ষেত্রে অর্থবছরের মধ্যে ক্রয় কার্য সম্পন্ন করা সম্ভব হয় না।<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, জেলা পর্যায়ে সিভিল সার্জনকে HOPE করা হলে উপেজলা স্বাস্থ্য কর্মকর্তাদের ক্রয় পরিকল্পনার প্রশাসনিক অনুমোদন নিতে স্বাস্থ্য অধিদপ্তরে যেতে হবে না। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) জেলা হাসপাতালগুলোর HOPE বিভাগীয় পরিচালক এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের HOPE সিভিল সার্জন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।<br>মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট জানান যে, প্রশাসনিক অনুমোদন নামে প্রকিউরমেন্ট আইনে কিছু নেই। অধিদপ্তরকে স্থানীয় পর্যায়ে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হবে।<br>সভাপতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা পর্যায়ের হাসপাতালের ক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মেনে চলতে হবে। ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে বিভাগীয় পরিচালক এবং প্রশাসনিক অনুমোদনের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট জানান যে, হাসপাতালগুলো এমএসআর এর বরাদ্দ সম্পর্কে তথ্য অনেক দেরিতে জানতে পায়। ফলে সময়মত ব্যয় করতে পারে না। উদাহরণ হিসেবে তিনি টাঙ্গাইল হাসপাতাল এখনও এমএসআর বরাদ্দ পায়নি মর্মে জানান। সভাপতি সফট্ওয়ারের মাধ্যমে এমএসআর এর বরাদ্দ বিভাজন করার নির্দেশনা প্রদান করেন। আগামী অর্থবছর থেকে জুলাই মাসের মধ্যে এমএসআর এর বরাদ্দ সকল হসপাতালের অনুকূলে বিভাজন করে দেয়ার পরামর্শ দেন। এছাড়া, তিনি ১-১৫ জুলাইয়ের মধ্যে বাজেট বরাদ্ধ অধিদপ্তর হতে জেলা/উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। ৩১ জুলাইয়ের মধ্যে যাতে সকল জেলা ও উপজেলা পর্যায়ের ক্রয় পরিকল্পনা তৈরিপূর্বক অনুমোদন করা যায় তা নিশ্চিত করার জন্য অতিরিক্ত মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে পরামর্শ দেন। | ১) ১-১৫ জুলাইয়ের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে জেলা/উপজেলা কোডে বাজেট প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>২) ৩১ জুলাইয়ের মধ্যে ক্রয় পরিকল্পনা তৈরি করে স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদন নিতে হবে।<br><br>৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা পর্যায়ের ক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মেনে চলতে হবে।<br><br>৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা পর্যায়ের ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে বিভাগীয় পরিচালক এবং প্রশাসনিক অনুমোদনের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>৫) সফটওয়্যারের মাধ্যমে এমএসআর এর বরাদ্দ বিভাজন করা করতে হবে।<br><br>৬) আগামী অর্থবছর থেকে জুলাই মাসের মধ্যে সকল এমএসআর এর বরাদ্দ সকল হসপাতালের অনুকূলে বিভাজন করে দিতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| | **পরিষ্কার পরিচ্ছন্নতা:** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশের মান উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার অংশ হিসেবে শৌচাগার পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়। শৌচাগারসমূহ নতুনভাবে মেরামত করা হলেও যথাযথভাবে ব্যবহার না করার ফলে সেগুলো প্রায়শঃ | ৭) কর্মপরিবেশের মান উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার অংশ হিসেবে এ বিভাগের শৌচাগারে পা-পোষ, ফ্লোর-ম্যাট, হাত মোছার টাওয়েল, অতিরিক্ত স্যান্ডেল এবং জুতা রাখার র‍্যাক রাখতে হবে। | প্রশাসন-২ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | অপরিচ্ছন্ন থাকে। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, গণশৌচাগারসমূহ পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে পা-পোষ, ফ্লোর-ম্যাট, হাত মোছার টাওয়েল, অতিরিক্ত স্যান্ডেল রাখা যেতে পারে। সভাপতি বাথরুমে অতিরিক্ত জুতা রাখা এবং সেগুলো রাখার জন্য র‍্যাক রাখার পরামর্শ দেন।<br>সবশেষে সভাপতি কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলো যথাসম্ভব জুন মাসের আগেই সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ৮) কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলো যথাসম্ভব জুন মাসের আগেই সম্পন্ন কর্তে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট<br>ও<br>প্রশাসন-৪ শাখা |

৩. অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

৮/০৩/২০২২

(ড.মু: আনোয়ার হোসেন হাওলাদার)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়